




আপনার শহর। আপনার ভোট। 24 অক্টোবর

toronto.ca/elections

1 সেপ্টেম্বর তারিখে MyVote (মাইভোট) ব্যবহার করা শুরু করুন।

টরন্টোর পৌরসভার নির্বাচনে আপনার অংশগ্রহণ শুরু করার জন্য মাইভোট (MyVote) অ্যাপ্লিকেশনটিতে সব কিছুই রয়েছে।

আরো জানতে: toronto.ca/elections/MyVote-এ যান



ভোট প্রদান করার বিকল্পসমূহ

ব্যক্তিগতভাবে-উপস্থিতি (ইন-পারসন)

উপলভ্য যেকোনো নির্বাচনের দিনসমূহে আপনি ব্যক্তিগতভাবে-উপস্থিত হয়ে ভোট প্রদান করতে পারেন। অগ্রিম ভোটের সময় যথাসময়ের পূর্বেই ভোট প্রদান করুন বা নির্বাচনের দিন, সোমবার, 24 অক্টোবর তারিখে ভোট প্রদান করুন।

ডাকযোগের মাধ্যমে

1ম ধাপ: ডাকযোগে ভোটদান করার জন্য (মেইল-ইন ভোটিং) আবেদন করুন

- 1 সেপ্টেম্বর থেকে, toronto.ca/VoteByMail-এ যান
- আবেদন করার শেষ সময়সীমা শুক্রবার, 23 সেপ্টেম্বর বিকাল 4:30 মিনিট পর্যন্ত।

2য় ধাপ: আপনার মোড়কটি (প্যাকেজটি) সম্পন্ন করুন

একবার অনুমোদিত হয়ে গেলে, আপনাকে ডাকযোগে ভোটদান সম্পন্ন করার জন্য একটি মোড়ক (প্যাকেজ) পাঠানো হবে।

- ঘোষণাপত্রটি (ডিক্লেয়ারেশন ফর্ম) **সাক্ষর করুন**
- ব্যলটটিতে **চিহ্ন দিন**
- ইয়েলো রিটার্ন এনভেলাপ (হলুদ ফিরতি খাম)-এর মধ্যে বন্ধ করা সিক্রেসি এনভেলাপ (গোপনীয় খাম)-টি **চুকিয়ে দিন**

3য় ধাপ: আপনার প্যাকেজটি ডাকযোগে পাঠিয়ে দিন

- আপনার সম্পন্নকৃত ডাকযোগে ভোটদানের মোড়কটি 7 অক্টোবর থেকে 21 অক্টোবর তারিখ মধ্যাহ্নের (দুপুর 12 টা) মধ্যে যা পূর্বে-পরিশোধকৃত ডাকমাশুল সহ এসেছে, তা কানাডা পোস্ট-এর মাধ্যমে ফেরত পাঠিয়ে দিন বা হলুদ ড্রপ বক্সসমূহের যেকোনো একটিতে দিয়ে আসুন
- প্রতিটি ওয়ার্ডে একটি হলুদ ড্রপ বক্স থাকবে। স্থানসমূহ এখানে তালিকাভুক্ত করা হয়েছে: toronto.ca/VoteByMail
- সম্পন্নকৃত ডাকযোগে ভোটদানের মোড়কসমূহ শুক্রবার, 21 অক্টোবর মধ্যাহ্নের (দুপুর 12টা) মধ্যে অবশ্যই গৃহীত হতে হবে।

প্রশ্নসমূহ বা অভিগম্যতা সংক্রান্ত সমন্বয়সাধনসমূহের জন্য

- ইমেইল প্রেরণ করুন: elections@toronto.ca-এ বা 311 নম্বরে টেলিফোন করুন
- আরো জানুন: toronto.ca/VoteByMail-এ

প্রতিনিধির মাধ্যমে (বাই প্রক্সি)

যদি প্রদত্ত ভোটারের দিনসমূহে আপনি ভোট প্রদান করতে অপারগ হন, আপনি একজন প্রতিনিধি (প্রক্সি) নিয়োগ করতে পারেন। একজন প্রতিনিধি হলেন এমন একজন ব্যক্তি যাকে আপনি আপনার পক্ষ হয়ে ভোট প্রদান করার জন্য বিশ্বাস করেন এবং যিনি টরন্টোর পৌরসভা নির্বাচনে ভোটার হিসেবে যোগ্য। আপনার এবং আপনার প্রতিনিধির দ্বারা স্বাক্ষর করা একটি ভোটিং প্রক্সি অ্যাপয়ন্টমেন্ট (Voting Proxy Appointment) ফর্ম সম্পন্ন করুন, এবং 24 অক্টোবর বিকাল 4:30 মিনিটের পূর্বে সিটি ক্লার্ক (City Clerk) দ্বারা এটিকে প্রত্যায়ন করিয়ে নিন।

1 সেপ্টেম্বর থেকে প্রক্সি ফর্ম পাওয়ার জন্য টরন্টো ইলেকশনস (Toronto Elections) এর সাথে যোগাযোগ করুন এবং এটিকে প্রত্যায়ন করানোর জন্য VoterRegistration@toronto.ca-এ ইমেইল প্রেরণ করার মাধ্যমে বা 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে একটি সাক্ষাৎ সময়সূচি নির্ধারণ করুন।

আরো জানুন: toronto.ca/VoterAccommodations-এ

কারা ভোট দিতে পারবেন

টরন্টো পৌরসভা নির্বাচনে ভোট প্রদান করার জন্য, আপনাকে অবশ্যই:

- একজন কানাডীয় নাগরিক হতে হবে; এবং
- কমপক্ষে 18 বছর বয়সের হতে হবে; এবং
- টরন্টো শহরের একজন বাসিন্দা হতে হবে; বা
- টরন্টোর একজন অ-নিবাসী (নন-রেসিডেন্ট) হতে হবে, তবে আপনার বা আপনার স্বামী/স্ত্রীকে টরন্টো শহরে একটি বাড়ির মালিক হতে হবে বা ভাড়া বাড়িতে থাকতে হবে; এবং
- কোনো আইনের অধীনে ভোট প্রদানের জন্য নিষিদ্ধ করা হয়নি।

টরন্টো শহরের মধ্যে আপনি যতগুলোই বাড়ির মালিক হন বা আপনি ভাড়া বাড়িতেই থাকেন না কেনো টরন্টো পৌরসভা নির্বাচনে আপনি কেবলমাত্র একবারই ভোট দিতে পারবেন। আপনি যে ওয়ার্ডে বাস করেন সেখানেই আপনাকে ভোট প্রদান করতে হবে।

ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হউন

আপনার তথ্য সঠিক কিনা তা পরীক্ষা করা গুরুত্বপূর্ণ, বিশেষকরে গত নির্বাচনের পর যদি আপনি স্থানান্তরিত হয়ে থাকেন বা আপনি আপনার নাম পরিবর্তন করে থাকেন। যদি আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকেন, আপনি ডাকযোগে একটি ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ড (ভোটার ইনফরমেশন কার্ড) পাবেন। এটি ভোট কেন্দ্রে আপনার অতিবাহিত করা সময়কে স্বরাশ্রিত করবে।

1 সেপ্টেম্বর থেকে শুরু করে, ভোটার তালিকায় আপনার তথ্য পরীক্ষা করুন, যোগ করুন বা হালনাগাদ করুন:

- 23 সেপ্টেম্বর পর্যন্ত মাইভোট ওয়েব অ্যাপ্লিকেশন ব্যবহার করার মাধ্যমে
- 14 অক্টোবর পর্যন্ত VoterRegistration@toronto.ca-এ ইমেইল প্রেরণ করার মাধ্যমে বা 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে
- অগ্রিম ভোট প্রদানের চলাকালে (7 অক্টোবর থেকে 14 অক্টোবর পর্যন্ত) বা নির্বাচনের দিনে (অক্টোবর 24) আপনার ভোট কেন্দ্রে যাওয়ার মাধ্যমে।

নির্বাচনের দিন চূড়ান্ত ভোটার তালিকায় আপনার নাম প্রদর্শিত হওয়ার জন্য সকল হালনাগাদসমূহ অবশ্যই 14 অক্টোবর তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এই তারিখের পর যখন 24 অক্টোবর তারিখে আপনি ভোট প্রদান করতে যাবেন তখন ভোট কেন্দ্রে আপনি নিজেই তা যোগ করতে পারবেন।

আরো জানুন: toronto.ca/elections/Voters-এ

ভোটার দিনসমূহ

নির্বাচনের দিন

সোমবার, 24 অক্টোবর, 2022 সকাল 10টা থেকে রাত 8টা পর্যন্ত

অগ্রিম ভোট

শুক্রবার, 7 অক্টোবর এবং শুক্রবার 14 অক্টোবর তারিখের মধ্যে সকাল 10টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত যথাসময়ের পূর্বে ভোট প্রদান করুন।

আপনার অগ্রিম ভোট কেন্দ্রসমূহ আপনার ভোটাভাটার তথ্য-সম্বলিত কার্ডে প্রদর্শিত হবে বা মাইভোট ওয়েব অ্যাপ্লিকেশন, toronto.ca/elections/MyVote ব্যবহার করার মাধ্যমে খুঁজে নিন।

শিক্ষার্থীগণের জন্য তথ্য

যদি আপনি একজন শিক্ষার্থী হন এবং আপনি স্কুলে অংশগ্রহণ না করার সময় যেখানে বাস করছেন সেটাকেই আপনার "বাড়ি" বলে বিবেচনা করেন, যার অর্থ হলো আপনি সেখানেই ফিরে যাওয়ার পরিকল্পনা করেন, তাহলে আপনি আপনার "বাড়ির" পৌরসভা এবং স্কুলে অংশগ্রহণ করার সময় বর্তমানে আপনি যে পৌরসভাতে বাস করছেন, আপনি উভয় পৌরসভাতেই ভোট প্রদান করার জন্য যোগ্য।

আরো জানুন: toronto.ca/elections/Voters-এ

মাইভোট (MyVote)

টরন্টোর পৌরসভার নির্বাচনে আপনার অংশগ্রহণ শুরু করার জন্য মাইভোট (MyVote) অ্যাপ্লিকেশনটিতে সব কিছুই রয়েছে।

আপনার টরন্টোর ঠিকানা লিখুন:

- খুঁজে দেখুন আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত কিনা
- আপনার ভোটার তালিকার তথ্য যোগ করুন, পরিবর্তন করুন বা হালনাগাদ করুন (23 সেপ্টেম্বর পর্যন্ত)
- আপনার ওয়ার্ডে যে সকল প্রার্থীগণ প্রতিদ্বন্দ্বিতা করছেন তা দেখুন
- কোথায় এবং কখন ভোট প্রদান করতে হবে খুঁজে নিন
- আপনার ভোটাভাটার তথ্য-সম্বলিত কার্ডটি দেখুন, ডাউনলোড করুন বা প্রিন্ট (মুদ্রণ) করুন
- আপনার ওয়ার্ড এবং মানচিত্রটি খুঁজুন
- আপনার ভোট কেন্দ্র সম্পর্কে অভিগম্যতা সংক্রান্ত তথ্য খুঁজে বের করুন
- আপনার ব্যালটটির একটি নমুনা দেখুন

দ্রষ্টব্য: ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করতে যাওয়ার আগে মাইভোট দেখা অব্যাহত রাখুন কারণ ভোট কেন্দ্রসমূহ পরিবর্তন হতে পারে।

আরো জানুন: toronto.ca/elections/MyVote-এ

যখন আপনি ভোট প্রদান করতে যাবেন আপনাকে আইডি (ID) অবশ্যই আনতে হবে, এমনকি আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকলেও।

অভিগম্যতা সংক্রান্ত সমন্বয়সাধনসমূহ

যদি আপনি ভোটদানে বাধার সম্মুখীন হন, টরন্টো ইলেকশনস এর সাথে elections@toronto.ca-এ ইমেইল প্রেরণ করার মাধ্যমে বা 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে যোগাযোগ করুন।

ভোট কেন্দ্রসমূহ

আপনি যেখানে ভোট প্রদান করবেন সবগুলো কেন্দ্রই অভিগম্য হবে। প্রতিটি কেন্দ্র সম্পর্কে তথ্যসমূহ, উদাহরণস্বরূপ আরোহণ-অবতরণ করার স্থানসমূহ (রাম্পস), স্বয়ংক্রিয় দরজা খোলার যন্ত্রসমূহ (অটোম্যাটিক ডোর ওপেনারস) বা ভোটার অ্যাসিস্ট টার্মিনালসমূহ (ভোটার সহায়তা টার্মিনালসমূহ) উপলভ্য: toronto.ca/elections/Voters-এ।

অ্যাক্সেসিবল ভোটিং ইকুইপমেন্ট (ভোটদান সহায়ক সরঞ্জাম)

ভোটার অ্যাসিস্ট টার্মিনাল (ভোটার সহায়তা টার্মিনাল) হচ্ছে একটি ব্যালট-চিহ্নিত করার যন্ত্র যা প্রতিবন্ধী ভোটারদের তাদের ব্যালটটিকে গোপনে এবং তাদের নিজেদেরকেই চিহ্ন প্রদান করতে দেয়। উপাদানসমূহের অন্তর্ভুক্ত হচ্ছে টাচ স্ক্রীন, অডিও ফাংশন, ব্রেইল কি প্যাড, নল সম্বলিত সিপ/পাফ যন্ত্র (সিপ/পাফ টিউব ডিভাইস), রকার প্যাডল/ফুট সুইচ, এবং মুদ্রাঙ্করের আকার ও রঙের পরিবর্তন সমন্বয় করতে একটি বৈশিষ্ট্য-সম্পন্ন জুম।

সকল অগ্রিম ভোট কেন্দ্রসমূহে ভোটার অ্যাসিস্ট টার্মিনালসমূহ উপলভ্য হবে - প্রতিটি ওয়ার্ডে দুটি করে। যদি নির্বাচনের দিন আপনার একটি ভোটার অ্যাসিস্ট টার্মিনালের প্রয়োজন হয় এবং আপনার জন্য মনোনীত ভোট কেন্দ্রটিতে এটি অবস্থিত না থাকে, আপনি 311 নম্বরে টেলিফোন করার মাধ্যমে আপনার ব্যালটটিকে স্থানান্তর করানোর জন্য অনুরোধ করতে পারবেন।

অন্যান্য পরিষেবাসমূহ

- ভোট কিভাবে প্রদান করতে হবে সে সম্পর্কে নির্দেশাবলী ব্রেইল এবং 26টি ভাষায় সকল ভোট কেন্দ্রে উপলভ্য হবে।
- সকল ভোট কেন্দ্রে স্বল্প দৃষ্টি-সম্পন্ন ভোটারদের সহায়তা করার জন্য বড় মুদ্রণ-সম্পন্ন কাগজের পাতা উপলভ্য হবে।
- যদি আপনি শারীরিকভাবে ভোট কেন্দ্রটিতে প্রবেশ করতে অক্ষম হন, আপনি ভোট কেন্দ্রের ভিতরে অন্যান্য জায়গায় সহায়তা পাবার জন্য অনুরোধ করতে পারবেন। উদাহরণস্বরূপ, পার্কিং এলাকা, বা কার্বসাইড (রাস্তার কিনারা)। আরো তথ্যের জন্য 311 নম্বরে টেলিফোন করুন।
- মূক বা বধিরদের জন্য নির্বাচন-সম্পর্কিত তথ্য টিটিওয়াই (TTY) লাইনে 416-338-OTTY (0889) নম্বরে টেলিফোন করার মাধ্যমে উপলভ্য।
- আপনি নিজে নিজে আপনার ব্যালটটিতে চিহ্ন প্রদান করতে অক্ষম হলে, আপনাকে সাহায্য করার জন্য একজন বন্ধুকে সাথে আনতে পারবেন বা একজন নির্বাচন কর্মকর্তাকে সহায়তা করার জন্য অনুরোধ করতে পারবেন।
- সকল ভোট কেন্দ্রই সহায়তাকারী ব্যক্তি এবং সেবা-প্রদানকারী প্রাণীর ব্যবহার স্বাগত জানায়।
- ব্যালট স্থানান্তর এমন পরিস্থিতিসমূহে অনুরোধ করা যেতে পারে যেখানে একজন ভোটার তাদের জন্য মনোনীত ভোট কেন্দ্রে বাধার সম্মুখীন হতে পারেন।

আরো জানুন: toronto.ca/VoterAccommodations - ১

গ্রহণযোগ্য পরিচয়পত্র

যখন আপনি ভোট প্রদান করতে যাবেন পরিচয়পত্র (আইডি -ID)-এর প্রয়োজন। আপনার নাম প্রদর্শন করা এবং টরেন্টোর উপযুক্ত ঠিকানা সম্বলিত একটি পরিচয়পত্র আনার কথা মনে রাখবেন। একটি আইডি (ID) হিসেবে ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ডটি ব্যবহার করা যাবে না।

গ্রহণযোগ্য আইডি (ID)-র উদাহরণসমূহ:

- অন্তারিও কর্তৃক জারী করা গাড়ির চালকের লাইসেন্স (ড্রাইভার'স লাইসেন্স) বা মোটরযানের অনুমতি (গাড়ির অংশ), ছবি সম্বলিত কার্ড (ফটো আইডি)
- বাতিল করা ব্যক্তিগতকৃত চেক, ক্রেডিট কার্ড বা ব্যাংকের লেন-দেন বিবরণী (ব্যাংক স্টেটমেন্ট)

- পানি (জল) সম্পর্কিত, টেলিফোন বা কেবল টিভি, পানি (জল), গ্যাস বা বিদ্যুৎ/গ্যাসের বিল (ইউটিলিটি বিল) বা পাবলিক ইউটিলিটিস কমিশনের একটি বিল।
- চেকের অংশ (চেক স্ট্যাব), টি4 বিবরণী (টি4 স্টেটমেন্ট) বা একজন নিয়োগকর্তা দ্বারা জারী করা রসিদ।
- অন্টারিও ওয়ার্কস বা অন্টারিও ডিজঅ্যাবিলিটি সাপোর্ট প্রোগ্রাম-এর সরাসরি আমানতের বিবরণী (স্টেটমেন্ট অফ ডিরেক্ট ডিপোজিট)।
- সম্পত্তির কর মূল্যায়ন, আয়কর মূল্যায়ন নোটিস, চাইল্ড ট্যাক্স বেনেফিট স্টেটমেন্ট (Child Tax Benefit statement)।
- মর্টগেইজের বিবরণী (মর্টগেইজ স্টেটমেন্ট), ইজারা বা বাড়ি ভাড়ার চুক্তিপত্র।
- পোস্ট-সেকেন্ডারী স্কুল (মাধ্যমিকোত্তর স্কুল)-এর প্রাতিষ্ঠানিক নথি (স্টুডেন্ট ট্রান্সক্রিপ্ট) বা রিপোর্ট কার্ড।
- ক্যাম্পাসে বাসস্থান প্রদর্শন করা দলিল, যা পোস্ট-সেকেন্ডারী প্রতিষ্ঠানে শিক্ষার্থীগণের বাসস্থানের জন্য দায়িত্বে নিয়োজিত কার্যালয় বা কর্মকর্তাগণ দ্বারা জারী করা হয়েছে।
- গভর্নমেন্ট অফ ক্যানাডা, অন্টারিও বা অন্টারিওর একটি পৌরসভার অন্য কোনো দলিল বা অন্টারিওতে আদালত দ্বারা জারী করা হয়েছে বা প্রত্যয়ন করা হয়েছে এমন একটি দলিল।
- ইন্ডিয়ান অ্যাক্ট (ক্যানাডা)-র অধীনে প্রতিষ্ঠিত একটি ব্যাল্ড কাউন্সিল ইন অন্টারিও-র যেকোনো দলিল।
- বীমার পলিসি (ইনস্যুরেন্স পলিসি) বা বীমার বিবরণী (ইনস্যুরেন্স স্টেটমেন্ট)।
- আর্থিক প্রতিষ্ঠানের সাথে ঋণের চুক্তি (লোন এগ্রিমেন্ট) বা অন্যান্য আর্থিক চুক্তিপত্র।
- এমপ্লয়মেন্ট ইনস্যুরেন্স বেনেফিটস পেইড টি4ই-এর বিবরণী।
- ওল্ড এজ সিকিউরিটি টি4এ (ওএএস - OAS), ক্যানাডা পেনশন প্ল্যান বেনেফিটস টি4এ (পি), ক্যানাডা পেনশন প্ল্যান স্টেটমেন্ট অফ কন্ট্রিবিউশনস-এর বিবরণী।
- ওয়ার্কপ্লেইস সেইফটি এন্ড ইনস্যুরেন্স বোর্ড স্টেটমেন্ট অফ বেনেফিটস টি5007।
- সিএনআইবি (CNIB) কার্ড বা অন্য কোনো নিবন্ধিত দাতব্য সংস্থার কার্ড যারা প্রতিবন্ধী ব্যক্তিবর্গকে পরিষেবাসমূহ প্রদান করে।
- লং-টার্ম কেয়ার হোমস অ্যাক্ট, 2007 (Long-Term Care Homes Act, 2007)-এর অধীনে দীর্ঘ-মেয়াদী সেবা কেন্দ্রে বাসস্থান প্রদর্শন করা দলিল, যা কেন্দ্রের প্রশাসক দ্বারা জারী করা হয়েছে।
- হাসপাতালের কার্ড বা দলিল।

যদি আপনার গ্রহণযোগ্য আইডি না থাকে এবং আপনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না থাকেন, একটি ব্যালট পাওয়ার জন্য আপনাকে আইডি সহ ফিরে আসতে বলা হবে।

মূল তারিখসমূহ

1 সেপ্টেম্বর

- ডাকযোগে-ভোট প্রদান করার জন্য আবেদন করার প্রথম দিন
- আপনার ভোটদাতার তালিকায় তথ্য যোগ করার, পরিবর্তন করার বা হালনাগাদ করার প্রথম দিন

23 সেপ্টেম্বর

- ডাকযোগে-ভোট প্রদান করার জন্য আবেদন করার শেষ সময়সীমা বিকাল 4:30 মিনিট।

26 সেপ্টেম্বরের সপ্তাহ

- ভোটদাতার তথ্য-সম্বলিত কার্ডসমূহ ডাকের মধ্যে রয়েছে

7 অক্টোবর থেকে 14 অক্টোবর পর্যন্ত

- অগ্রিম ভোট

21 অক্টোবর

- টরন্টো ইলেকশনকে ডাকযোগে-ভোটদানের মোড়কসমূহ 21 অক্টোবর তারিখ মধ্যাহ্নের (দুপুর 12টা) মধ্যে অবশ্যই পেতে হবে

সোমবার, 24 অক্টোবর: নির্বাচনের দিন



@cityoftoronto



City of Toronto



@cityofto

ওয়েব: toronto.ca/elections ইমেইল: elections@toronto.ca